ৠ, ৪|০৫|১৬
AP-2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং-৮০.০০.০০০০.৩০১.০৭৩.১৭.১৫-৭২

তারিখঃ ২১ বৈশাখ, ১৪২৩
০৪ মে, ২০১৬

বিষয় ঃ সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীন সড়ক ও জনপথ অধিদপ্তর এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন গণপূর্ত অধিদপ্তরের **"উপ সহকারী প্রকৌশলী (সিভিল)"**, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের **"প্রশাসনিক কর্মকর্তা"** এবং শিক্ষা মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের **"ব্যক্তিগত কর্মকর্তা"** পদের যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচী।

সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য বিষয়ে উল্লিখিত মন্ত্রণালয়/বিভাগের **"উপ সহকারী প্রকৌশলী (সিভিল)"**, **"প্রশাসনিক কর্মকর্তা"** ও **"ব্যক্তিগত কর্মকর্তা"** পদের যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ, সময়সূচী ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে ঃ-

ক্রমিক নং	পদের নাম, বিজ্ঞপ্তি নং ও বিজ্ঞপ্তির তারিখ	পরীক্ষার তারিখ ও সময়	কেন্দ্র	রেজিঃ নম্বর	প্রার্থী সংখ্যা
১।	উপ সহকারী প্রকৌশলী (সিভিল) (অনলাইন) ১০/০৯/১৫	১৬/০৫/২০১৬ বেলা ১.৩০ টা থেকে ৪.৩০ টা	শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।	০০০০০৭-৭০০৯৭৪	১,৪৪৬ জন
২।	প্রশাসনিক কর্মকর্তা (বিজ্ঞপ্তি নং-০৪) ০৮/০১/১৪	২৫/০৫/২০১৬ বেলা ১.৩০ টা থেকে ৪.৩০ টা	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।	২২৪২৬২-৬৯৫৯৮৬	২১০ জন
৩।	ব্যক্তিগত কর্মকর্তা (বিজ্ঞপ্তি নং-০৫) ০৮/০১/১৪	২৬/০৫/২০১৬ বেলা ১.৩০ টা থেকে ৩.০০ টা	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।	২৬২১০১-৬৯৫৯৭৩	২১১ জন

পরীক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলীঃ-

১। **"প্রশাসনিক কর্মকর্তা"** ও **"ব্যক্তিগত কর্মকর্তা"** পদে আবেদনকারী প্রার্থীদের হাতে হাতে প্রবেশপত্র দেওয়া হয়েছে; নতুন করে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। কোন প্রার্থীর প্রবেশপত্র যুক্তিসঙ্গত কারণে হারিয়ে গেলে সংশ্লিষ্ট থানায় জিডি করে জিডির কপিসহ প্রার্থীর নাম, পিতার নাম, পদের নাম, জন্ম তারিখ, নিজ জেলা ও রেজিঃ নম্বর উল্লেখ পূর্বক ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরিচালক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা বরাবর আগামী ১৮/০৫/২০১৬ থেকে ২২/০৫/২০১৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) আবেদন করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

২। **"উপ সহকারী প্রকৌশলী (সিভিল)"** পদের প্রবেশপত্র কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করা যাবে।

৩। প্রবেশপত্র ছাড়া কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।

৪। পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।

৫। **পরীক্ষা কক্ষে বই-পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র এবং হাত-ঘড়ি আনা সম্পূর্ণ নিষিদ্ধ।** পরীক্ষার হলে এবং গেটে মোবাইল ফোনের জন্য বিশেষ তল্লাশী অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে মোবাইল ফোন পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে। **পরীক্ষায় সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।**

৬। **"উপ সহকারী প্রকৌশলী (সিভিল)"** পদের প্রার্থীদের বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও টেকনিক্যাল বিষয়ে ২০০ নম্বরের, **"প্রশাসনিক কর্মকর্তা"** পদের প্রার্থীদের বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও গণিত বিষয়ে ২০০ নম্বরের ৩ ঘন্টার লিখিত পরীক্ষা এবং **"ব্যক্তিগত কর্মকর্তা"** পদের প্রার্থীদের বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও গণিত বিষয়ে ১০০ নম্বরের ১ ঘন্টা ৩০ মিনিটের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

অঃপৃঃদ্রঃ

Press-SAE(Civil)

৭। একই সাথে ০৪টি বিষয়ের জন্য ০৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণকে বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও টেকনিক্যাল/গণিত বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।

৮। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই হতে হবে।

৯। **যোগ্য তালিকা, অযোগ্য তালিকা এবং পরীক্ষা সংক্রান্ত সাধারণ নির্দেশাবলীসহ অন্যান্য তথ্যাবলী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েব সাইট এবং ফেইসবুক পেইজে পাওয়া যাবে।**

- **পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।**
- **চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

০৪.০৫.২০১৬

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)

নং-৮০.০০.০০০০.৩০১.০৭৩.১৭.১৫-৭২ তারিখ ঃ ০৪ মে, ২০১৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ-

১। পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
২। উপ-সচিব(প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট)/পরিচালক(সকল)/সিঃ সিস্টেম এনালিষ্ট **(বিজ্ঞপ্তিটি অদ্যই ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ),** বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪। উপ পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কমিশন সচিবালয়, ঢাকা।
৬। জনসংযোগ কর্মকর্তা, কমিশন সচিবালয়, ঢাকা **(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থাকরণের অনুরোধ করা হলো)।**
৭। বিজ্ঞ সদস্য (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৮। অভ্যর্থনা /নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

৪.৫.১৬

(দিলাওয়েজ দুরদানা)
পরিচালক (নন-ক্যাডার)

Press-SAE(Civil)